16 MAY 2017

# শর্তপূরণে ব্যর্থ বিশ্ববিদ্যালয়ের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে

——— শিক্ষামন্ত্রী

নিজস্ব বার্তা পরিবেশক

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোকে নিজস্ব ক্যাম্পাসে যেতে হবে। বিধিবিধান মেনে বিশ্ববিদ্যালয় পরিচালনা করতে হবে। যারা নির্ধারিত শর্ত পূরণে ব্যর্থ হয়েছে এবং একাধিক ক্যাম্পাসে পাঠদান পরিচালনা করছেন, তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে।

শিক্ষামন্ত্রী গতকাল ঢাকায় বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে অতীশ দীপঙ্কর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২য় সমাবর্তন অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে এ কথা বলেন। অনুষ্ঠানে সমাবর্তন বক্তা ছিলেন ভারতের লক্ষ্ণৌ বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের অধ্যাপক ড. মোহা. মোজাম্মিল। সমাবর্তনে অন্যদের মধ্যে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নান, বিশ্ববিদ্যালয়ের বোর্ড অফ ট্রাস্টিজের চেয়ারম্যান অধ্যাপক ড. আনোয়ারা বেগম এবং বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. নজরুল ইসলাম খান বক্তৃতা করেন। অনুষ্ঠানে মন্ত্রী দেশের বাস্তবতা এবং জনগণের আথ শর্তপূরণে : পৃষ্ঠা : ২ ক : ৪

## শর্তপূরণে : ব্যর্থ

(১৬ পৃষ্ঠার পর)

সামাজিক অবস্থা বিবেচনা করে শিক্ষার্থীদের ভর্তি ও টিউশন ফিসহ সব ধরনের ব্যয়
একটি সীমা পর্যন্ত নির্ধারিত রাখতে বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর প্রতি আহ্বান
জানান। তিনি বলেন, উচ্চ শিক্ষার অন্যতম উদ্দেশ্য হলো দক্ষ মানবসম্পদ সৃষ্টি।
শিক্ষা ও প্রশিক্ষণের মাধ্যমে স্থিতিশীল উন্নয়ন নিশ্চিত করতে বহুমাত্রিক শিক্ষা
কার্যক্রমের সঙ্গে শিক্ষার্থীদের সম্পৃক্ত করার যথোপযুক্ত পরিকল্পনা
বিশ্ববিদ্যালয়গুলোর থাকতে হবে। বৈজ্ঞানিক, প্রযুক্তিগত ও তথ্য বিপ্লবের সুযোগ
গ্রহণ করে তাদের যুগোপযোগী মানবসম্পদে পরিণত করতে হবে। দেশের উন্নয়নে
মেধার সঙ্গে সৃজনশীলতার সমন্বয় ঘটাতে হবে।
নুরুল ইসলাম নাহিদ বলেন, 'বাংলাদেশ একটি উন্নয়নশীল দেশ। কিন্তু আমাদের
লক্ষ্য সুদূরপ্রসারী এবং দৃঢ়। ২০২১ সালের মধ্যে অর্থাৎ স্বাধীনতার সুবর্ণজয়ন্তীতে
আমরা একটি মধ্যম আয়ের দেশে উন্নীত হতে চাই। ২০৪১ সালে উন্নত রাষ্ট্র
হিসেবে বিশ্ব সমাজে স্থান পেতে চাই। দারিদ্র্য দূরীকরণ এখনও আমাদের একটি
বড় চ্যালেঞ্জ। দারিদ্র্য দূরীকরণে শিক্ষার কোন বিকল্প নেই।'
মন্ত্রী বলেন, দেশ যখন উন্নয়নের ধারা অব্যাহত রেখে এগিয়ে যাচ্ছে, ঠিক তখনি
একদল স্বাধীনতাবিরোধী এ উন্নয়ন ও অগ্রগতিকে ব্যাহত করার জন্য ইসলামের ভুল
ব্যাখ্যা দিয়ে মেধাবী শিক্ষার্থীদের সন্ত্রাস ও জঙ্গি কার্যক্রমের সঙ্গে জড়িয়ে তাদের
ধ্বংসের মুখে ঠেলে দেয়ার অপচেষ্টায় লিপ্ত রয়েছে। তাদের কুমন্ত্রণায় প্ররোচিত হয়ে
বেশকিছু তরুণ মেধাবী শিক্ষার্থী ইতোমধ্যে বিপথগামী হয়েছে। তিনি এসব মেধাবী
ও সম্ভাবনাময় শিক্ষার্থীরা যাতে ইসলামের ভুল ব্যাখ্যাদানকারী জঙ্গিদের কবলে পড়ে
জীবন ধ্বংস না করে সেদিকে সবাইকে সজাগ দৃষ্টি রাখার আহ্বান জানান।
সমাবর্তনে ১৭ হাজার ২৮৪ জন শিক্ষার্থীকে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি প্রদান করা
হয়। ১০ জন শিক্ষার্থীকে চ্যান্সেলর অ্যাওয়ার্ড এবং ১৮ জনকে বোর্ড অফ ট্রাস্টিজ
চেয়ারম্যান অ্যাওয়ার্ড প্রদান করা হয়। শিক্ষামন্ত্রী কৃতী শিক্ষার্থীদের মাঝে পদক ও
সার্টিফিকেট বিতরণ করেন।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং........................
তারিখ........................
সিস্টেম ম্যানেজার
সিনিয়র সিস্টেম এনালিস্ট
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/অবগত্যর্থে
স্বাক্ষর